# কাস্টমস হাউস, চট্টগ্রাম

www.chc.gov.bd

[ নিলাম বিভাগ ]

## গণবিজ্ঞপ্তি

**বিষয়:** চট্টগ্রাম বন্দরে দীর্ঘদিন অবস্থানরত নিলামকৃত ও নিলামযোগ্য পণ্যচালান দ্রুত খালাস গ্রহণ।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম বন্দরের বিভিন্ন ইয়ার্ড, শেড ও সংরক্ষণস্থলে দীর্ঘদিন ধরে বিপুল পরিমাণ অখালাসকৃত, নিলামকৃত ও নিলামযোগ্য পণ্যচালান বিশেষত কন্টেইনারভর্তি পণ্য অবস্থান করছে। এতে বন্দরের ধারণক্ষমতা ও স্বাভাবিক কার্যক্রম মারাত্মকভাবে ব্যাহত হওয়ার আশঙ্কা রয়েছে। এই প্রেক্ষাপটে কাস্টমস আইন, ২০২৩-এর ধারা ৯৪, ২৩৭ ও ২৬৬ এবং জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক জারিকৃত নিলাম সংক্রান্ত স্থায়ী আদেশ নং-৪৩/কাস্টমস/২০২৬, তারিখ: ১৭/০৮/২০২৬ খ্রি. এর বিধানাবলি অনুসরণে নিম্নরূপ নির্দেশনা জারি করা হলো:

১। নিলামের মাধ্যমে বিক্রয় আদেশ জারিকৃত অথচ অদ্যাবধি খালাস গ্রহণ করা হয়নি এমন পণ্যচালানের সংশ্লিষ্ট সকল বিডারকে এই বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে **১৫ (পনের) কার্যদিবসের** মধ্যে প্রযোজ্য দরমূল্য, উৎসে আয়কর, উৎসে মূসক ও প্রযোজ্য ক্ষেত্রে অন্যান্য আইনগত ও আর্থিক দায় পরিশোধ সাপেক্ষে পণ্যচালান খালাস গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

২। সংশ্লিষ্ট আমদানিকারক, রপ্তানিকারক, শিপিং লাইন/এজেন্ট, হেফাজতকারী (Custodian) কিংবা অন্য কোনো স্বার্থসংশ্লিষ্ট পক্ষের উক্ত পণ্যচালানের বিপরীতে কোনো বৈধ দাবি, স্বত্ব বা আপত্তি থাকলে, অথবা কোনো আদালত/ট্রাইব্যুনালের রায়, আদেশ বা নিষেধাজ্ঞা বলবৎ থাকলে, তা প্রয়োজনীয় দলিলাদি ও সত্যায়িত প্রমাণকসহ এই বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে **০৭ (সাত) কার্যদিবসের** মধ্যে কাস্টমস হাউস, চট্টগ্রাম-এর নিলাম বিভাগে লিখিতভাবে উপস্থাপন করতে হবে।

৩। নির্ধারিত সময়সীমার মধ্যে বিডার কর্তৃক পণ্যচালান খালাস গ্রহণ করা না হলে এবং কোনো পক্ষ কর্তৃক বৈধ দাবি, স্বত্ব, আপত্তি বা আইনগত বাধা যথাযথভাবে উপস্থাপিত না হলে- প্রচলিত আইন, বিধি-বিধান ও স্থায়ী আদেশ অনুযায়ী উক্ত পণ্যচালানের বিষয়ে পুনঃনিলাম, ধ্বংস বা অন্যবিধ আইনানুগ নিষ্পত্তির কার্যক্রম গ্রহণ করা হবে।

৪। নির্ধারিত সময়ের মধ্যে পণ্য খালাসে ব্যর্থ বিডারের ক্ষেত্রে- প্রযোজ্য আইন, বিধি-বিধান ও জাতীয় রাজস্ব বোর্ডের স্থায়ী আদেশ অনুযায়ী বিক্রয় অনুমোদন বাতিল, দাখিলকৃত জামানত/পে-অর্ডার রাষ্ট্রের অনুকূলে বাজেয়াপ্তকরণ এবং সংশ্লিষ্ট পণ্যচালান পুনঃনিলামসহ আইনানুগ পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে।

৫। কাস্টমস হাউস, চট্টগ্রামের নিলাম কার্যক্রমে গতিশীলতা আনয়ন, রাজস্ব আহরণ বৃদ্ধি, পণ্যজট নিরসন, বন্দরের ধারণক্ষমতার সর্বোত্তম ব্যবহার, সরকারি রাজস্ব সংরক্ষণ, রাষ্ট্রীয় সম্পদের অপচয় রোধ এবং বাণিজ্য সহজীকরণের বৃহত্তর স্বার্থে দীর্ঘদিন অবস্থানরত নিলামকৃত ও নিলামযোগ্য পণ্যচালানসমূহের খালাস ও আইনানুগ নিষ্পত্তির কার্যক্রম দ্রুততার সঙ্গে সম্পন্ন করা হবে।

বিষয়টি অতীব জরুরি বিবেচ্য।

**স্মারক নং-৫/কা.হা.চট্ট./নিলাম/৩৪/ই-নিলাম/২০২৩/৫৪৯০**

তারিখ: ০১ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ / ১৬ সেপ্টেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

**— কাস্টমস হাউস, চট্টগ্রাম**

CS CamScanner